

মুজিব বর্ষের অঙ্গীকার
ঘরে ঘরে গ্রন্থাগার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা-১০০০।
www.publiclibrary.gov.bd, Fax: 58611775

নং-৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.(অংশ-১). ১১৭

তারিখ : ০৫.১০.২০২১ খ্রিঃ।
১৯.০২.২০২১

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা :

ক্র. নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	একুশের চেতনা ও সর্বস্তরে মাতৃভাষার প্রচলন	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	অমর একুশে বাঙ্গালির সর্বোচ্চ অহংকার	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	ভাষা আন্দোলনের তাৎপর্য এবং মুজিববর্ষ	১৮০০

খ) চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র. নং.	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত
২.	খ	অনূর্ধ্ব-১২ বছর	ভাষা আন্দোলন
৩.	গ	প্রতিবন্ধী (বিশেষ)	উন্মুক্ত

রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য: রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা জমা দেয়ার শেষ তারিখ ১৮.০২.২০২১ খ্রি.।

চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : চিত্রাংকন প্রতিযোগিতায় আর্ট পেপারে স্বহস্তে অংকিত চিত্র সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারে ১৮.০২.২০২১ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি পৌছাতে হবে।

শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক।

(মোঃ আবুবকর সিদ্দিক)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন : ৯৬৭১২৩৪

ই-মেইল : dg.dpl.2012@gmail.com